# তেরখাদা উপজেলা পরিষদের জুন/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২২/০৬/২০২২ খ্রিঃ, বিকাল : সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আসাদুজ্জামান মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। নির্বাহী অফিসার মহোদয় বলেন, মহোদয়ের নির্দেশনা মোতাবেক ব্যবসায়ীদের পারাপারের জন্য কাটেংগা বাজার জামে মসজিদ সংলগ্ন চিত্রা নদীর উপর ০১টি কাঠের পুল নির্মান করা হয়েছে।। তিনি তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ১) উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় চুক্তি মূল্যের ৫% নিন্মদরে সাশ্রয়কৃত অর্থে এবং টেন্ডার বাস্তবায়নের জন্য চুক্তিকৃত ১টি কাজ ভূমি জটিলতার কারনে বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় সাশ্রয়কৃত অর্থে গত ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখের সভায় টেন্ডার আহবানরে সুযোগ নাথাকায় আরএফকিউ পদ্ধতিতে ৩,১৬,০০০/- টাকার স্কীম অনুমোদন করা হয়। বাস্তবে সরেজমিনে স্কীম গ্রহণ করে প্রাক্কলন প্রস্তুত করা হয় যা ৫.০০ লক্ষ টাকা। কিন্তু বরাদ্দ না থাকায় আরএফকিউ পদ্ধতিতে কাজটি বাস্তবায়ন করা হয় এবং চলতি বিল ৩,১৬,০০০/- টাকা প্রদান করা হয় অবাশিষ্ট টাকা ঠিকাদারের পাওনা রয়েছে। যা পরবর্তী অর্থবছরের বরাদ্দ থেকে সমন্বয় করা যেতে পারে। | ১) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় আরএফকিউ পদ্ধতিতে প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত মূল্য ৫.০০ লক্ষ টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয় এবং অবশিষ্ট অর্থি ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দ হতে পরিশোধের সর্মসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | বর্নিত স্কীমের নাম ঃ (ক) তেরখাদা শেখবাড়ী জামে মসজিদের সামনের রাস্তা সিসি করন। (খ) বারাসাত জিনিয়াসের বাড়ীর সমানে খালে বাটলা নির্মাণ (গ) শহীদ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের রাস্তায় পার্কিং টাইলস স্থাপন।<br><br>২) সাচিয়াদাহ ইউপি চেয়ারম্যান জানান যে, পাতলা পুলিশ ক্যাম্প এর সামনের কালভার্টের স্লাব ভেঙ্গে আরসিসি খোয়া পড়ে যাওয়ায় গাড়ী চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। দ্রুত মেরামত করা প্রয়োজন। ইতোমধ্যে যানবাহন চলাচল বন্ধ হয়ে পড়েছে। স্টিলের প্লেট স্থপন করে আরএফকিউ পদ্ধতিতে দ্রুত মেরামত করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী বলেন সরেজমিন পরিদর্শন করে সত্যতা পাওয়া যায়। সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার।<br><br>সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় জানান, কৌকাডুবি ব্রীজের আগে বড় ব্রীজের পার্শ্ব দিয়ে রাস্তার তলায় পানির চাপে সুড়ঙ্গ তৈরি হয়েছে। দ্রুত বাধ নির্মাণ না করা হলে রাস্তা ভেঙ্গে যানবাহন চলা চলের অনুপোযোগী হয়ে যেতে পারে। উপজেলা প্রকৌশলী বলেন সরেজমিন পরিদর্শন করে সত্যতা পাওয়া যায়। তিনি বলেন, সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে যা পরবর্তী এডিপির বরাদ্দহতে সমম্বয় করা সম্ভব।<br><br>উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় আরও জানান, কাচিকাটা খালপাড় রাস্তা চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। রাস্তাটি দ্রুত নির্মাণ করা প্রয়োজন। তিনি রাস্তাটি দ্রুত বাস্তবায়নের জন্য আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী বলেন, সরেজমিন রাস্তাটি পরিদর্শন করে সত্যতা পাওয়া যায়। সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। | ২) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য ৫.০০ লক্ষ টাকা ব্যয় সীমিত রেখে প্রাক্কলণ প্রস্তুতপূর্বক ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় আরএফকিউ পদ্ধতিতে (ক) পাতলা পুলিশ ক্যাম্প এর সামনের কালভার্ট সংস্কার (খ) নাচুনিয়া নৌকাডুবি সড়কে বড় ব্রীজের পার্শ্বে বাধ ও পেলাসাইটিং নির্মান এবং (গ) কাচিকাটা খালপাড় রাস্তা সিসি করণ প্রকল্পগুলি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা, |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় সভা Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে বলেন, কোভিড-১৯ এর ২য় ডোজ এবং বুষ্টার ডোজ ভ্যাক্সিন টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন ১ম ডোজ এ পর্যন্ত লক্ষাধিক টিকা প্রদান করা হয়েছে। তিনি জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করতঃ হাসপাতালে এখন থেকে সিজার অপারেশন করা হবে মর্মে অবহিত করেন। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে বলেন, যৌতুক বাল্য বিবাহ রোধ, ইভটিজিং প্রতিরোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধ, শিশু শ্রম নিরসন কল্পে গশরের সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে তথ্য উপাত্ত দিয়ে উপজেলা প্রশাসনকে সহযোগীতার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। প্রয়োজনে জতীয় হেল্প নম্বর ১০৯ এবং ৯৯৯ এ কল করে তথ্য দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। অত্র দপ্তর হেত যৌতুক, বাল্য বিবাহ রোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধ, ইভটিজিং ও শিশু শ্রম নিরসনকল্পে ০৪টি জনসচেতনতামূলক উঠান বৈটক করা হয়েছে। জুন/২২ মাসে বাল্য বিবাহের কোন তথ্য পাওয়া যায় নাই। | সরকারি নীতি অনুযায়ী কার্যক্রম চলামন রাকার এবং সকলকে তথ্য দেয়ার আনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, মে-২২ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৫৬৪, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৭৩৬, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৮.০৬%, গর্ভবর্তী-৭৬৬ জন, অগ্রহণকারী-৫০৬২ জন। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে উদ্বুদ্ধকরণ চলমান রয়েছে। গত ১৫-১৯ জুন ২০২২ জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে মাঠ পর্যায়ে সফল ভাবে সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ের সেবাগ্রহতাদের ডাটা রেজিস্টার (এফডব্লিউএরেজিস্টার) এনালগের পরিবর্তে ট্যাবে (ই-রেজিস্টার) এর মাধ্যমে ডিজিটালে রুপান্তরিত হচ্ছে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপ প্রকল্প পরিচালক, বিআরডিবি, তেরখাদা খুলনা সভায় উপস্থিত সকল সদস্য এবং জুম ভিডিও কনফারেন্স এ যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে বলেন, জুন/২২ পর্যন্ত এ উপজেলায় সমিতি গঠন করা হয়েছে ১৪০টি, সুফলভোগী সদস্য ভর্তি ২৫১৭ জন। শেয়ার আদায় ২১.৪২ লক্ষ, সঞ্চয় আদায় ৬৮.১২ লক্ষ, ঋণ বিতরণ ৩২৩২.৬০ লক্ষ, ঋণ আদায় ২৯৩২.১৮ লক্ষ টাকা। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তরে দায়েরকৃত ০৯টি সার্টিফিকেট মামলা সচল করার জন্য অনুরোধ জানান। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৬ | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, মে-২২ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১১৩টি, মোট সদস্য সংখ্যা ৩৮২১জন, মোট ঋনী সদস্য ২৪০৫জন, মোট সঞ্চয় স্থিতি ৬৩২.০৭ লক্ষ, মোট ঋণ বিতরণ ৫৯৬.৬৪ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ৬৭৭.৩৫ লক্ষ টাকা। মাঠে পাওনা ঋণের পরিমান ৫৫৭.৪৭, মোট খেলাপী ১১৩.৪৪ লক্ষ্য টাকা। আদায়ের হার ৯৬%। তিনি বলেন খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তার প্রয়োজন। | সুষ্ঠভাবে 'কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত | সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন উপজেলা পরিষদের জীপ গাড়িটি দির্ঘ্য দিনের পুরাতন হওয়ায় গাড়িতে বিভিন্ন ধরনের যান্ত্রিক ত্রুটি দেখা দিচ্ছে । গাড়িটি নমেরামত না করলে যে কোন সময় বড়ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ১,০০,০০০/- টাকা ব্যয় সিমিত রেখে উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

সভাপতির বক্তব্য ঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা/২০২২-৪১৮(৪০) তারিখঃ ২২ জুন ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ..............................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

পরিশিষ্ট-ক

## সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

সভার তারিখ- ২২/০৬/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২০. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৯. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা। | |

পরিশিষ্ট-খ

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা
২. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা।
৫. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৬. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৭. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা
৮. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
১০. উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা।